

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সহকারী পরিচালক (ইঞ্জিঃ) এর কার্যালয়
রাজবাড়ী সার্কেল, রাজবাড়ী।
www.brta.gov.bd

স্মারক নং-৩৫.০৩.৮২০০.০০০.০০০.৪৪.০০০১.২৬- ১৪২

তারিখঃ ১২ চৈত্র ১৪৩২
২৬ মার্চ ২০২৬

বিষয়ঃ রাজবাড়ী-ব-১১-০০২৪ নং মোটরযানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ।

সূত্রঃ বিআরটিএ, রাজবাড়ী সার্কেলের ২৫-০৩-২০২৬ খ্রি. তারিখের দুর্ঘটনার প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সৌহাদ্য পরিবহনের ব্যানারে পরিচালিত রাজবাড়ী-ব-১১-০০২৪ নং মোটরযানটি গত ২৫-০৩-২০২৬ খ্রি. তারিখে রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলার দৌলতদিয়ার ০৩ নং ফেরীঘাটে বিকাল ০৫.১৫ ঘটিকায় ফেরীঘাটের এর পল্টুন হতে ফেরীতে উঠার সময় নদীতে পড়ে যায়। উক্ত দুর্ঘটনায় সর্বশেষ উদ্ধার অভিযানের প্রাপ্ত তথ্য অনুযায়ী ২৬ (ছাশ্বিশ) জন যাত্রীর মৃতদেহ উদ্ধার করা হয়েছে এবং ০৫ জন যাত্রী আহত হয়েছে। নিম্নস্বাক্ষরকারী ও অত্র সার্কেলের মোটরযান পরিদর্শক জনাব লিটন কুমার দত্ত কর্তৃক গত ২৫-০৩-২০২৬ খ্রি. সন্ধ্যা ০৬.৪৫ ঘটিকায় ঘটনাস্থল সরেজমিনে পরিদর্শন করা হয়।

০২। এমতাবস্থায় সড়ক পরিবহন আইন ২০১৮ এর ধারা ২৪ ও সড়ক পরিবহন বিধিমালা ২০২২ এর ৪৬ ও ৪৭ বিধি অনুযায়ী রাজবাড়ী-ব-১১-০০২৪ নং মোটরযানের রেজিস্ট্রেশন সাময়িকভাবে স্থগিত করা হলো এবং মোটরযানটির রেজিস্ট্রেশন সনদ, ট্যাক্সটোকেন, ফিটনেস সনদ, রুটপারমিট সনদ ও উক্ত মোটরযানের চালকের ড্রাইভিং লাইসেন্সসহ আগামী ০৩ কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে হাজির হয়ে মোটরযানটির রেজিস্ট্রেশন কেন স্থায়ীভাবে বাতিল করা হবে না মর্মে বক্তব্য পেশ করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় রাজবাড়ী-ব-১১-০০২৪ নং মোটরযানের রেজিস্ট্রেশন স্থায়ীভাবে বাতিল করা সহ মালিকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



(মুহাম্মদ আহিদুর রহমান)
পরিচিতি নং ২০১৪২০০০৫৩
সহকারী পরিচালক (ইঞ্জিঃ) (অ;দাঃ)
বিআরটিএ, রাজবাড়ী সার্কেল
ad_rajbari @brta.gov.bd

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি:
এ/সি, নিটল মোটরস্ লি:
মহাখালী শাখা, ঢাকা।
এ/সি, ৭১ মহাখালী ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। পরিচালক (রোড সেক্টি), বিআরটিএ, সদর কার্যালয়, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা।
- ২। পরিচালক, (ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ, ঢাকা বিভাগ, মিরপুর-১৩, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ৪। পুলিশ সুপার, রাজবাড়ী।
- ৫। সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, বিআরটিএ ভবন বনানী, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা।
- ৭। অফিস কপি।